দৈনিক বাংলা



তারিখ ...৩১/৮/৭৮... ...
পৃষ্ঠা... ৮ ... ...কলাম... ৯ ...

# শিক্ষামন্ত্রী সকাশে বেসরকারী স্কুল শিক্ষক প্রতিনিধিদল

বাংলাদেশ বেসরকারী স্কুল শিক্ষকদের একটি প্রতিনিধিদল বুধবার সকালে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদের সাথে সাক্ষাৎ করেন এবং শিক্ষকদের বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে আলোচনা করেন।

মন্ত্রী তাদের বক্তব্য ধৈর্যসহকারে শ্রবণ করেন এবং এগুলো সহানুভূতির সাথে বিবেচনার আশ্বাস দেন।

তিনি প্রতিনিধিদলকে জানান যে বেসরকারী কলেজ শিক্ষকদের মত বেসরকারী স্কুল শিক্ষকদের জন্যও চাকরি বিধি প্রণয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন।